বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

BCC

আইসিটিটাওয়ার, ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

ফোন: ৫৫০০৬৮৪৮, ফ্যাক্স: ৮৮-০২-৫৫০০৬৭৯১, ইমেইল:bcc@bcc.gov.bd,ওয়েবসাইট: bcc.gov.bd

বিসিসি ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থ বছরের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ কে এম শাহনেওয়াজ চৌধুরী
পরিচালক (উপসচিব)
গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন, বিসিসি

সভার তারিখ : ০৭-০৩-২০২৩ খ্রিষ্টাব্দ (বুধবার)

সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : আহবায়কের অফিস কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

বিসিসি ইনোভেশন টিমের ইনোভেশন কর্মকতা ও আজকের সভার সম্মানিত সভাপতি জনাব এ কে এম শাহনেওয়াজ চৌধুরী সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ২০২২-২৩ অর্থবছরের ৬ষ্ঠ সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিসিসির ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অগ্রগতি ও করণীয় নিয়ে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মধুসূদন চন্দকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

০২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত নির্দেশনার আলোকে বিসিসির উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আগামী ০৪ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে আইডিয়াটি বাস্তবায়ন করে বিসিসিতে প্রতিবেদন প্রদানের জন্য পত্রজারী করা হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন।	এ কার্যক্রমের আওতায় বিসিসির সিনিয়র প্রোগ্রামার জনাব হোসেন বিন আমিন এর তত্ত্বাবধানে " Personal Asset Management System" বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। আইডিয়া বাস্তবায়নকারী জনাব হোসেন বিন আমিন আগামী ২১/০৩/২০২৩ তারিখে ইনোভেশন টিমের সন্মুখে আইডিয়াটির সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।

ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.২	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু করা নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসি ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু করতে হবে। আগামী ২১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে উল্লিখিত সেবাসমূহ চালু করে বিসিসি ইনোভেশন টিমের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।
২.৩	বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়ানো বিষয়ে করনীয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়াতে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। ফেব্রুয়ারি ২০২৩ মাসে বিসিসির ই-ফাইলের ব্যবহারের পূর্নাঙ্গ প্রতিবেদন পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন) মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	জনাব মোঃ জফরুল আলম খান, সিনিয়র সিস্টেমস এনালিস্ট, বিসিসি
২.৪	বিসিসির তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। ২টি প্রতিবেদন ইতিমধ্যেই প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	বিসিসির তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ নিশ্চিত করে আইসিটি বিভাগে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। ৩য় প্রতিবেদন ০৫/০৪/২০২৩ তারিখের মধ্যে আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	রিংকো কবিরাজ এনালিষ্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি) ও জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
২.৫	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরে মোট ৪টি প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে তন্মধ্যে ২টি প্রশিক্ষণ আয়োজন ইতিমধ্যেই সমাপ্ত হয়েছে। ৩য় প্রশিক্ষণটি আগামী ২০/০৩/২০২৩ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। এ আয়োজনে (ক) বিসিসির ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অগ্রগতি (খ) বিসিসির এ পর্যন্ত বাস্তবায়িত সকল ইনোভেশন আইডিয়া উপস্থাপন ও (গ) আইসিটি মাস্টার প্ল্যান উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসাবে বিসিসির	জনাব মোঃ জফরুল আলম খান, সিনিয়র সিস্টেমস এনালিস্ট, বিসিসি , জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি। ও জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।

ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		সকল নবীন কর্মকর্তা, পরিচালক(সকল) ও ইনোভেশন টিমের সদস্যগণ আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।	
২.৬	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	জনাব মধুসূদন চন্দ আঞ্চলিক পরিচালক, বিসিসি।
২.৭	বিসিসি ইনোভেশন টিম কর্তৃক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসি ইনোভেশন টীম কর্তৃক দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ হিসাবে "ঢাকা মেট্রোরেল কার্যক্রম" বিগত ১৫/০২/২০২৩ তারিখ পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন তৈরির কাজ আগামী ০৯/০৩/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	বিসিসি ইনোভেশন টিম।
২.৮	ইনোভেশন কার্যক্রম বেগবান করণে করনীয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসি ইনোভেশন টিমের পরবর্তি সভার তারিখ ২১/০৩/২০২৩ তারিখ নির্ধারন করা হয়।	বিসিসি ইনোভেশন টিম।
২.৯	বিসিসির গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন শাখায় কর্মরত নবীন ৪জন কর্মকর্তাকে নলেজ শেয়ারিং এর জন্য বিসিসি ইনোভেশন টিমের সভায় উপস্থিত থাকা নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বাস্তবায়িত	সদস্য-সচিব বিসিসি ইনোভেশন টিম।
২.১০	বিসিসির ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সের আওতায় সকল তথ্য হালনাগাদকরণ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসির ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সের আওতায় সকল তথ্য হালনাগাদ করা হয়েছে। আগামীতেও এই ধারা চলমান রাখার সিদ্ধান্ত হয়।	সদস্য-সচিব বিসিসি ইনোভেশন টিম।
২.১১	বিসিসির জন্য বাস্তবায়ন যোগ্য নতুন ইনোভেশন আইডিয়া খুঁজে বের করার প্রক্রিয়া নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	খসড়া আবেদন পত্র সভায় উপস্থাপন করা হয়। দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য-সচিব বিসিসি ইনোভেশন টিম।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৩/২০২৩

এ কে এম শাহনেওয়াজ চৌধুরী
পরিচালক (উপসচিব), গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন
ও
ইনোভেশন কর্মকর্তা, বিসিসি।